নখ বিশেষত্ব কেন্দ্রের বায়ুচলাচল
একটি পরিদর্শন পরবর্তী গুরুত্বপূর্ণ পরামর্শ ও তথ্যাবলী

NEW YORK STATE | লাইসেন্সিং সেবা বিভাগ

ডিপার্টমেন্ট এটি স্বীকার করে যে, আপনার নখ বিষয়ক সেলুনকে নতুন আইনের অনুবর্তীতার অধীনে আনার জন্য তাদের একাধিক মাস সময় লেগে যেতে পারে, এবং শুনানি এড়াতে ডিপার্টমেন্ট আপনার সাথে সম্মিলিতভাবে কাজ করতে পারে।

ডিপার্টমেন্ট অব স্টেট-এর সাথে যোগাযোগ করুন
বায়ুচলাচল সংক্রান্ত নতুন আবশ্যকতাগুলির ব্যাপারে অথবা আপনার ব্যবসাকে কীভাবে অনুবর্তীতার অধীনে

এই নথিটি সেলুন মালিকদের বায়ুচলাচল সংক্রান্ত নতুন আবশ্যকতাগুলির ব্যাপারে এবং ডিপার্টমেন্ট অব স্টেট ("DOS")-এর তদন্তকারী পরিদর্শনে এলে কী করতে হবে তা বুঝতে সাহায্য করবে। DOS ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলির সাথে কাজ করার ব্যাপারে প্রতিবদ্ধ এবং আপনাদের সমস্ত উত্তর দেবার জন্য উপলভ্য রয়েছে।

আমাকে কখন এই নতুন আবশ্যকতাগুলির অনুবর্তী হয়ে চলতে হবে?

আপনার ব্যবসা যদি **3রা অক্টোবর, 2016-র *আগে* লাইসেন্স পেয়ে থাকে**, তাহলে আপনাকে **3রা অক্টোবর, 2021** অবধি এই নতুন বায়ুচলাচল সংক্রান্ত আবশ্যকতাগুলির অনুবর্তী হয়ে চলতে হবে। আপনার ব্যবসা যদি **3রা অক্টোবর, 2016 *তারিখে বা তার পরে*** লাইসেন্স পেয়ে থাকে, তাহলে আপনি যখন আপনার ব্যবসা শুরু করবেন তখন আপনাকে এমন একটি বায়ুচলাচল ব্যবস্থা লাগাতে হবে যেটা নতুন আবশ্যকতাগুলির অনুবর্তী হয়।

পরিদর্শন

DOS নিয়মিতভাবে ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলি পরিদর্শন করে। একজন DOS তদন্তকারী যদি আপনার ব্যবসা পরিদর্শনে আসেন, এবং আপনার ব্যবসা যদি **3রা অক্টোবর, 2016-র *পরে* লাইসেন্স পেয়ে থাকে**, তাহলে আপনার থেকে নিম্নোক্তগুলি চাওয়া হবে:

- একজন বয়াচলাচল ব্যবস্থা পেশাদারের **স্বাক্ষরিত প্রত্যয়নপত্র** যেখানে সংশ্লিষ্ট ব্যবসা নতুন বায়ুচলাচল সংক্রান্ত আবশ্যকতাগুলি পূরণ করার বিষয়টি প্রদর্শিত হচ্ছে।

এই প্রত্যয়নপত্র DOS-এর নিম্নোক্ত ওয়েবসাইটে উপলভ্য রয়েছে: https://dos.ny.gov/additional-information-nail-salons
এছাড়াও নতুন বায়ুচলচাল সংক্রান্ত আবশ্যকতাগুলির ব্যাপারে অতিরিক্ত তথ্য আমাদের "ব্যবসা মালিকদের জন্য বায়ুচলাচল সংক্রান্ত পদ্ধতি বিষয়ক নির্দেশিকা" ("Business Owners' How to Guide for Ventilation")-এ উপলভ্য রয়েছে, যা আমাদের নিম্নোক্ত ওয়েবসাইটে উপলভ্য রয়েছে: https://dos.ny.gov/additional-information-nail-salons

আপনার ব্যবসার পরিদর্শনে এলে এবং উল্লঙ্ঘনের ঘটনা ঘটে থাকলে, আপনি উল্লঙ্ঘন সম্পর্কে ব্যাখ্যাপূর্বক লিখিত কাগজপত্র পাবেন এবং আপনাকে একটি শুনানির তারিখ দেওয়া হবে। উল্লঙ্ঘনের বিষয় যদি নতুন বায়ুচলাচল সংক্রান্ত অধিনিয়মাবলীর সাথে যুক্ত হয়, তাহলে অধিনিয়মাবলীর আবশ্যকতা সম্পর্কে, এবং কীভাবে তার অনুবর্তী হয়ে চলতে হবে সে ব্যাপারে আপনাকে তথ্যও দেওয়া হবে। বেশিরভাগ ক্ষেত্রে, একটি ব্যবসায়িক প্রতিষ্ঠান উল্লঙ্ঘনের বিজ্ঞপ্তি পেলেও, উল্লঙ্ঘনের বিষয়গুলি সংশোধনের মাধ্যমে শুনানিতে না গিয়েও সমস্যার সমাধান হতে পারে।

শুনানির আগে আমি কী করতে পারি?

এটি মনে রাখা জরুরি যে, পরিদর্শনের সময় চিহ্নিত করা উল্লঙ্ঘনগুলির সংশোধন করে এবং DOS-এর সাথে একটি সমঝোতায় এসে ***শুনানি ছাড়াই বেশিরভাগ উল্লঙ্ঘনের ঘটনার নিষ্পত্তি করা হয়***। আপনার ব্যবসায়িক প্রতিষ্ঠানের বিরুদ্ধে যদি বায়ুচলাচলজনিত উল্লঙ্ঘনের টিকিট জারি করা হয়, তাহলে আপনার উচিৎ:

- DOS-এর “ব্যবসা মালিকদের জন্য বায়ুচলাচল সংক্রান্ত পদ্ধতি বিষয়ক নির্দেশিকা” দেখা, যা আমাদের ওয়েবসাইটে উপলভ্য রয়েছে;
- আপনার লিজ পর্যালোচনা করা এবং আপনার বাড়ির মালিকের সাথে বায়ুচলাচল সংক্রান্ত আবশ্যকতাগুলি নিয়ে আলোচনা করা;
- অনুবর্তী হয়ে চলার ব্যাপারে বিভিন্ন পেশাদারদের সাথে সাক্ষাৎ করা এবং তাদের থেকে আনুমানিক খরচের হিসেব নেওয়া;
- একজন পেশাদারকে নির্বাচন করা, যিনি এমন একটি ব্যবস্থা স্থাপন করবেন যা আপনার ব্যবসায়িক চাহিদাগুলিকে পূরণ করবে;
- এমন একটি বায়ুচলাচল ব্যবস্থা লাগানো যা বায়ুচলাচল সংক্রান্ত আবশ্যকতাগুলিকে পূরণ করে।

অনবর্তী হয়ে ওঠার পর আমি কী করতে পারি?

DOS-এর পরিদর্শনের পর যদি আপনি একটি বায়ুচলাচল ব্যবস্থা লাগান যা বায়ুচলাচল সংক্রান্ত আবশ্যকতাগুলিকে পূরণ করে, তাহলে আপনাকে (518) 473-2728 নম্বরে DOS-এর সাথে যোগাযোগ করতে হবে। উল্লেখ করুন যে, আপনি একটি উল্লঙ্ঘনের টিকিট পেয়েছিলেন কিন্তু এখন আপনি একটি বায়ুচলাচল ব্যবস্থা লাগিয়ে নিয়েছেন এবং DOS-এর সাথে একটি সমঝোতায় আসতে চান। আপনি যদি কাউকে নিয়োগ করেন এবং অনুবর্তী হয়ে উঠতে চেষ্টা করেন, তাহলে আপনার শুনানি

শুনানির আগে যদি আমি অনবর্তী না হয়ে উঠতে পারি তাহলে কী হবে?

এড়ানোর জন্য DOS আপনার সাথে সম্মিলিতভাবে কাজ করতে পারে।

পরিদর্শনের পর, কিন্তু শুনানির আগে, আপনি নতুন আইনাবলীর অনুবর্তী হতে চেষ্টা করছেন কিনা তা DOS পর্যবেক্ষণ করবে। যে সব জিনিসগুলি DOS-কে দেখিয়ে দেবে যে আপনি অনুবর্তী হবার চেষ্টা করছেন সেগুলির মধ্যে রয়েছে, যদিও শুধু তাতেই সীমাবদ্ধ থাকে না:

- একজন পেশাদারের সাথে চুক্তি করা;
- বিভিন্ন পেশাদারদের থেকে আনুমানিক খরচের হিসেব নেওয়া, যদি তখনও আপনি কাউকে নিয়োগ না করে থাকেন;
- নির্মাণ সামগ্রী ক্রয়ের রসিদসমূহ;
- ভবনের পারমিটের আবেদনসমূহ, আপনার স্থানীয় ভবন কর্তৃপক্ষ যদি তা চায়;
- একজন ডিজাইন পেশাদারের দ্বারা তৈর ড্রাফ্ট ব্লুপ্রিন্ট।

আপনার কাছে যদি এই ধরনের নথিপত্র থাকে, তাহলে আপনাকে (518) 473-2728 নম্বরে DOS-এর সাথে যোগাযোগ করতে হবে এবং আপনার শুনানি এড়াতে DOS আপনার সাথে সম্মিলিতভাবে কাজ করবে।

মনে রাখার মতো গুরুত্বপর্ণ পরামর্শ

- আপনার প্রশ্নের উত্তর দেবার জন্য DOS সর্বদা হাজির রয়েছে। আপনার যদি বায়ুচলাচল সংক্রান্ত আবশ্যকতাগুলির ব্যাপারে আরও তথ্যের দরকার হয়, তাহলে আমাদের সহায়তা নম্বর (518) 474-4429-এ আমাদের সাথে যোগাযোগ করুন।
- আপনাকে সাহায্যের জন্য সঠিক পেশাদারকে নিয়োগ করাটা অত্যন্ত জরুরি বিষয়। এমন একজন পেশাদারকে নিয়োগের ব্যাপারে নিশ্চিত হোন যিনি আপনার প্রয়োজনীয়তাগুলিকে বোঝেন এবং আপনার যেমন দরকার তেমন পরিষেবা আপনাকে দিতে পারেন। পেশাদারদের উচিৎ নয় আপনাকে পাখা বা বায়ু পরিশোধক যন্ত্র কেনার পরামর্শ দেওয়া, কারণ সেগুলি অধিনিয়মাবলীর অনুবর্তী নয়।
- বায়ুচলাচল ব্যবস্থাগুলি ডিজাইন ও দামের নিরীখে আলাদা-আলাদা হয়। আপনার এমন একটি ব্যবস্থা কেনা উচিৎ যা আপনার বাজেটের মধ্যে হয় এবং আপনার ব্যবসার জন্য সবচেয়ে ভালভাবে কাজ করে। সব সেলুনগুলিকেই একইরকম ব্যবস্থা কিনতে হবে এবং কাজ সম্পূর্ণ হবার পর সব সেলুনকেই একইরকম দেখতে হবে এমন কোন কথা নেই।
- এটি মনে রাখা জরুরি যে, আপনার বর্তমান বায়ুচলাচল ব্যবস্থার উপর নির্ভর করে আপনার অনুবর্তী হয়ে উঠতে বেশ কয়েক মাস সময় লেগে যেতে পারে, তাই আপনার উচিৎ যত দ্রুত সম্ভব এই নথিতে দেওয়া পরামর্শগুলিকে অনুসরণ করা।